

রাজধানীর একটি বাসা থেকে আট বছর বয়সী এক শিশু গৃহকর্মীর মরদেহ উদ্ধার
শিশু নির্যাতন বন্ধে ও গৃহকর্মে নিয়োজিত শিশুদের সুরক্ষায় আইন প্রণয়ন করার জন্য চাইল্ডস রাইটস
অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ-এর আহবান

গত ২৬ আগস্ট রাজধানীর সেন্ট্রাল রোডের একটি বাসা থেকে অজ্ঞাতনামা এক শিশু গৃহকর্মীর (৮) মরদেহ উদ্ধার করা হয়। চাইল্ডস রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ এ ঘটনার তদন্ত সাপেক্ষে সুষ্ঠু বিচার দাবী করছে। পাশাপাশি, গৃহকর্মে নিয়োজিত শিশুদের সুরক্ষায় ও শিশু নির্যাতন বন্ধে আইন প্রণয়নের আহ্বান জানাচ্ছে।

গণমাধ্যমে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জানা যায়, গত ২৫ আগস্ট (শুক্রবার) রাতে অজ্ঞাত ফোনে গৃহকর্মী মৃত্যুর প্রাথমিক তথ্য পায় কলাবাগান পুলিশ। পরদিন সকালে ওই ভবনের একটি ফ্ল্যাট থেকে শিশুটির মৃতদেহ খুঁজে পান তারা। নিহত শিশুটির শরীরে অনেক নতুন ও পুরোনো আঘাতের চিহ্ন রয়েছে। এ ঘটনার ৩ দিন পার হয়ে গেলেও নিহতের নাম ও পরিচয় সম্পর্কে এখনও কিছু জানা যায়নি। এমনকি অভিযুক্ত গৃহকর্মীর পরিচয় পাওয়া গেলেও তাকে গ্রেফতার করা সম্ভব হয়নি। জানা যায়, গত ৩ বছর যাবত শিশুটি সেখানে কাজ করছিলো। তবে তার পরিচয় শনাক্ত করা যায়নি।

গৃহকর্মে নিয়োজিত নারী ও শিশুরা প্রতিনিয়ত নির্যাতনের শিকার হচ্ছেন। মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর পরিসংখ্যান অনুযায়ী, ২০২৩ সালের জানুয়ারি থেকে জুলাই মাসে গৃহকর্মীদের বিরুদ্ধে ১৮টি সহিংসতার ঘটনা গণমাধ্যমে প্রকাশিত হয়েছে, এর মধ্যে ৭ জন গৃহকর্মী শিশুর মৃত্যুর ঘটনাও রয়েছে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জরিপ অনুযায়ী, দেশে গৃহকর্মে নিয়োজিত শিশুর সংখ্যা অনুমানিক এক লাখ ২০ হাজার। ২০১৫ সালে, গৃহশ্রমিক সুরক্ষা ও কল্যাণ নীতিমালা প্রণয়ন করা হলেও শিশু গৃহকর্মীদের সুরক্ষায় তা যথেষ্ট নয়। গৃহকর্মে নিয়োজিত শিশুদের প্রতি সহিংসতা রোধ ও অধিকার নিশ্চিত করতে নীতিমালা বাস্তবায়নের পাশাপাশি যুগোপযোগী আইন প্রণয়ন ও মনিটরিং জোরদার করা আবশ্যিক। কোয়ালিশন মনে করে, বিদ্যমান আইনি কাঠামো শিশু গৃহকর্মীদের অধিকার সুরক্ষার জন্য যথেষ্ট নয়। কোয়ালিশন তাই গৃহকর্মে নিয়োজিত একটি উল্লেখযোগ্য সংখ্যার শিশুদের মানবাধিকার রক্ষায়, তাদের শারীরিক-মানসিক বিকাশ নিশ্চিত, এবং অর্থনৈতিক ও যৌন নিপীড়ন-নির্যাতন থেকে সুরক্ষা প্রদানে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা গ্রহণ, বাজেট বরাদ্দ ও জনবল নিয়োগসহ দ্রুততম সময়ের মধ্যে গৃহকর্মী সুরক্ষা আইন প্রণয়ন করার জোর দাবী জানাচ্ছে।